

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিসংখ্যান ও গবেষণা কোষ
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০৯.৩৩.০০০১.২৫.১

তারিখ: ২২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ‘Statistics of Public Servants-2025’ শীর্ষক পুস্তক প্রকাশের জন্য জনবল সংক্রান্ত তথ্য প্রেরণ।

- সূত্র: (১) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৩৫, তারিখ:০৩ জুলাই ২০২৫;
(২) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৩৬, তারিখ:০৭ জুলাই ২০২৫;
(৩) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৩৭, তারিখ:০৮ জুলাই ২০২৫;
(৪) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৪৯, তারিখ:২৪ আগস্ট ২০২৫;
(৫) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৫৫, তারিখ:১৫ অক্টোবর ২০২৫;
(৬) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৬৪, তারিখ:১১ নভেম্বর ২০২৫;
(৭) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৬৯, তারিখ:০২ ডিসেম্বর ২০২৫।
(৮) (৭) ০৫.০০.০০০০.২০৯.৩৩.০০০১.২৫.৭৩, তারিখ: ২১ ডিসেম্বর ২০২৫।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারের Rules of Business, 1996 অনুসারে প্রণীত মন্ত্রণালয়/বিভাগসমূহের কার্যতালিকা অনুযায়ী সরকারি কর্মচারীদের তথ্য সংকলন ও পরিসংখ্যান প্রকাশ কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপর ন্যস্ত। তদনুসারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগ কর্তৃক প্রতিবছর সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর, অধস্তন অফিস, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন, কমিশন, কর্তৃপক্ষ ইত্যাদির কর্মচারীদের তথ্যসম্বলিত পরিসংখ্যান পুস্তক প্রকাশ করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ‘Statistics of Public Servants-2025’ পুস্তকটি প্রকাশের জন্য ২০২৫ সালের ৩০ জুন পর্যন্ত হালনাগাদকৃত জনবলের তথ্য প্রয়োজন। উক্ত পরিসংখ্যান পুস্তকটি প্রকাশের নিমিত্ত সংযুক্ত ছক মোতাবেক (ছক-১, ছক-২ ও ছক-৩) ৩০ জুন ২০২৫ পর্যন্ত হালনাগাদকৃত বেসামরিক জনবলের তথ্য সূত্রোক্ত ০৮ (আট)টি স্মারকে পরিসংখ্যান ও গবেষণা কোষে প্রেরণ করার জন্য ইতঃপূর্বে অনুরোধ করা হয়েছিল। উল্লেখ্য সূত্রোক্ত স্মারকের বিপরীতে আংশিক তথ্য প্রেরণ করা হলেও পূর্ণাঙ্গ তথ্য এখনও পাওয়া যায়নি। তাই, আপনার মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর, অধস্তন অফিস, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, কর্পোরেশন, কমিশন ও কর্তৃপক্ষের অবশিষ্ট তথ্য প্রেরণ করা প্রয়োজন (Statistics Book-2025-Pending list.pdf)।

২। এখানে আরো উল্লেখ্য যে, সরকারি কর্মচারীদের হালনাগাদকৃত তথ্যসমূহ বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে নীতিনির্ধারণ পর্যায়ে প্রায়শই প্রয়োজন পড়ে। এছাড়াও এ পরিসংখ্যান পুস্তকটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত থাকায় এর চাহিত তথ্য যথাসময়ে পাওয়ার আবশ্যিকতা রয়েছে। সংযুক্ত তথ্য ছক পূরণের কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারী এবং মিজ নুরুল্লাহর আকলিমা ইলা, সিনিয়র এসাইনমেন্ট অফিসার, মোবাইল নং: ০১৮১৬৮১২২৪৭ ও জনাব দেবানীষ বণিক, সিনিয়র এসাইনমেন্ট অফিসার, মোবাইল নং: ০১৯১৫৬৪৬১৮৪ যোগাযোগ করা যাবে।

৩। এমতাবস্থায়, ‘Statistics of Public Servants-2025’ শিরোনামে পরিসংখ্যান পুস্তক প্রকাশের নিমিত্ত সংযুক্ত ছক মোতাবেক (ছক-১, ছক-২, ও ছক-৩) ওয়ার্ড ফাইল ছক ৩টি.docx) ৩০ জুন ২০২৫ পর্যন্ত হালনাগাদকৃত বেসামরিক জনবলের তথ্য অতি জরুরি ভিত্তিতে আগামী ১৯ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সরাসরি পরিসংখ্যান ও গবেষণা কোষে ও ডি-নথিতে/ই-মেইল (statres@mopa.gov.bd)-এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

- (১) ওয়ার্ড ফাইল ছক ৩ টি.docx
(২) Statistics Book-2025 -pending list



০৬-০১-২০২৬

মো: আব্দুর রশিদ

সহকারী সচিব

২২৩৩৫৪০৮০

statres@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। সচিব, সচিবের দপ্তর, আইন ও বিচার বিভাগ।
- ৩। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৫। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০৯.৩৩.০০০১.২৫.১/১(৮)

তারিখ: ২২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। একান্ত সচিব, মুখ্য সচিবের দপ্তর, প্রধান উপদেষ্টার কার্যালয় (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আইন ও বিচার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার ও গবেষণা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। ব্যক্তিগত কর্মকর্তা, বাবাকো অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৬-০১-২০২৬

মো: আব্দুর রশিদ

সহকারী সচিব